দৈনিক ইনকিলাব

তারিখ 13 MAR 2007
পৃষ্ঠা ১ কলাম ৩

৩৬ (০৫০৫

# মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগ আদেশ শিথিল

## জামায়াত ও ওসমান ফারুকের চক্রান্ত আস্তাকুঁড়ে

**ইনকিলাব রিপোর্ট :** মাদ্রাসাসমূহে বাধ্যতামূলকভাবে ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের আদেশ শিথিল করা হয়েছে। নতুন এ সিদ্ধান্তের মাধ্যমে জামায়াতী এবং বিগত জোট সরকারের শিক্ষামন্ত্রী ওসমান ফারুকের মাদ্রাসা শিক্ষাবিরোধী চক্রান্ত আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছে, এবার জমিয়াতুল মোদার্রেছীনের দাবী প্রতিষ্ঠিত হয়েছে। মাদ্রাসাসমূহে বাধ্যতামূলকভাবে ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের আদেশ শিথিল করা হয়েছে।

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা

*প্রথম পৃষ্ঠার পর*

শিক্ষা মন্ত্রণালয় থেকে গত ৪ মার্চ '০৭ তারিখে জারীকৃত এক আদেশের মাধ্যমে মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের বিষয়ে ২০০৫ সালের ৫ মার্চ এবং ৩ অক্টোবর ২০০৬ সালের ৩০% মহিলা শিক্ষিকা বাধ্যতামূলক নিয়োগ সংক্রান্ত দু'টি আদেশ বাতিল করে মাদ্রাসাসমূহে মহিলা শিক্ষিকা নিয়োগের আদেশ শিথিল করে শিক্ষা মন্ত্রণালয় থেকে নতুন আদেশটি জারী করা হয়েছে। নতুন আদেশের মাধ্যমে মাদ্রাসায় প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল, প্রধান শিক্ষক, সুপার, সহকারী সুপারসহ অংক, ইংরেজী ফিজিক্যাল ইন্সট্রাক্টর পদের শিক্ষক এবং মাদ্রাসার কোরআন হাদীস বিষয়ক পদের শিক্ষকদের ক্ষেত্রে আগামী ৩১ ডিসেম্বর ২০০৯ সাল পর্যন্ত ৩০% মহিলা শিক্ষক কোটার বিষয়টি শিথিল করা হয়।

মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের বাধ্যবাধকতা ৩১ ডিসেম্বর ২০০৯ সাল পর্যন্ত শিথিল করার মধ্যদিয়ে প্রমাণিত হলো সরকার বাস্তবতাকে মেনে নিয়ে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে নমনীয় সিদ্ধান্ত নিয়েছে। নতুন সিদ্ধান্তে আরো বলা হয়েছে, উল্লিখিত পদের বাইরে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পরও মহিলা শিক্ষিকা না পেলে সেসব ক্ষেত্রে পুরুষ শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে দরখাস্ত করতে হবে এবং শিক্ষামন্ত্রণালয় তখন উক্ত বিষয়ে কেসওয়ারী সিদ্ধান্ত গ্রহণ করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের নতুন সিদ্ধান্ত মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের আদেশ বাতিলের জমিয়াতুল মোদার্রেছীনের দাবীর প্রতি এবং মাদ্রাসা সমূহে মহিলা শিক্ষিকা নিয়োগের বিষয়ে বাস্তবতার প্রতি বর্তমান সরকারের নমনীয়তার নিদর্শন ফুটে উঠেছে। এ সিদ্ধান্তের মাধ্যমে জামায়াতী-ওসমানী চক্রান্ত আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছে। উচ্ছকিত হয়েছে এদেশের ধর্মপ্রাণ মানুষ, ওলামায়ে কেরাম, হাক্কানী পীর মাশায়েখদের মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগের আদেশ বাতিলের অথবা শিথিলের দাবী। শুধু তাই নয় নতুন সিদ্ধান্ত স্কুল-কলেজে মহিলা শিক্ষিকা নিয়োগের বাধ্যতামূলক আদেশ শিথিল হলো। নতুন সিদ্ধান্তের ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চরম শিক্ষক সংকটেরও অবসান ঘটবে।

প্রকাশ থাকে যে, জামায়াতে ইসলামী এবং সাবেক শিক্ষামন্ত্রী ওসমান ফারুকের চক্রান্তের কারণেই জোট সরকারের আমলে ৩০% মহিলা শিক্ষিকা নিয়োগ আদেশটি বাতিল অথবা শিথিল করা হয়নি।